



এগ্রি-ভার্সিটি এক্স-রোটোরাস্ট্রস ফোরাম

স্মারক নং-০২

তারিখ: ০১/০৩/২০২৬

শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তি ২০২৬

এগ্রি-ভার্সিটি এক্স-রোটোরাস্ট্রস ফোরাম কর্তৃক প্রদত্ত শিক্ষাবৃত্তির আওতায় স্নাতক পর্যায়ে বৃত্তির জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে।

১। বৃত্তির পরিমাণঃ

ক) প্রতি মাসে ২,০০০ টাকা করে প্রতি সেমিস্টারে ১২,০০০ টাকা।

২। বৃত্তির মেয়াদ ও সংখ্যাঃ

প্রাথমিকভাবে ০২ (দুই) সেমিস্টার। পরবর্তীতে একাডেমিক রেজাল্ট সন্তোষজনক হলে বৃত্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। একাডেমিক রেজাল্ট সন্তোষজনক না হলে বৃত্তির মেয়াদ বৃদ্ধি করা হবে না। বৃত্তির মোট সংখ্যা এগ্রি-ভার্সিটি এক্স-রোটোরাস্ট্রস ফোরাম নির্ধারণ করবে।

৩। আবেদনের যোগ্যতাঃ

ক) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের লেভেল ২ সেমিস্টার ১ থেকে লেভেল ৪ সেমিস্টার ১ এর শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

গ) অস্বচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

ঘ) কৃষি বিশ্ববিদ্যালয় রোটোরাস্ট্রস ক্লাবের অস্বচ্ছল ও মেধাবী সদস্য-কে অগ্রাধিকার প্রদান করা হবে।

৪। শর্তসমূহঃ

ক) অন্য কোনো উৎস হতে বৃত্তিপ্রাপ্ত হলে এগ্রি-ভার্সিটি এক্স-রোটোরাস্ট্রস ফোরামের বৃত্তির জন্য আবেদন করা যাবে না।

খ) এগ্রি-ভার্সিটি এক্স-রোটোরাস্ট্রস ফোরামের বৃত্তিপ্রাপ্ত হলে অন্য কোনো উৎস হতে বৃত্তি গ্রহণ করা যাবে না। অন্য কোনো উৎস হতে বৃত্তি গ্রহণ করতে চাইতে ফোরাম হতে প্রাপ্ত বৃত্তি বাতিলের জন্য শিক্ষাবৃত্তি কমিটির আহ্বায়কের নিকট আবেদন করতে হবে।

গ) কোনো অসামাজিক কিংবা বেআইনি কার্যকলাপে যুক্ত কোন শিক্ষার্থী বৃত্তির জন্য আবেদন করতে পারবে না। বৃত্তিপ্রাপ্ত কোনো ছাত্র অনুরূপ কার্যে লিপ্ত হলে তার বৃত্তি বাতিল করা হবে।

ঘ) আবেদনপত্রে কোনো প্রকার মিথ্যা তথ্য প্রদান করা যাবে না। মিথ্যা তথ্য প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল/বৃত্তি বাতিল করা হবে।

৫। আবেদন ফরম প্রাপ্তিস্থান ও জমাদানের পদ্ধতিঃ

ক) এগ্রি-ভার্সিটি এক্স-রোটোরাস্ট্রস ফোরাম কর্তৃক প্রদত্ত শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত আবেদনপত্র গ্রহণ করা হবে না। অনলাইনে, অনুযায়ী ডিন অফিস বা হল অফিস অথবা নিম্নলিখিত ব্যক্তির নিকট/অফিস হতে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

• ড. মোঃ রুহুল আমিন, প্রফেসর, এনিমেল সায়েন্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (মোবাইল: ০১৭১৪২১৭১৫৭)।

• ড. মোঃ নাহিদ সান্তার, প্রফেসর, কৃষি অর্থনীতি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (মোবাইল: ০১৭৯৬২৬৬৭২৯)।

• রোটা. তাশরিফ আল আসিফ-উন-নূর, প্রেসিডেন্ট, কৃষি বিশ্ববিদ্যালয় রোটোরাস্ট্রস ক্লাব (মোবাইল: ০১৯৭৩-১২০৯৭৯)।

খ) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে শিক্ষাবৃত্তি কমিটির আহ্বায়ক ড. মোঃ রুহুল আমিন, প্রফেসর, এনিমেল সায়েন্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর নিকট জমা প্রদান করতে হবে।

গ) ১২ মার্চ ২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৬। ফলাফল প্রকাশঃ

- আবেদন পত্রের ভিত্তিতে নির্বাচিত শিক্ষার্থীদের মৌখিক সাক্ষাৎকারের জন্য ডাকা হতে পারে। এই ব্যাপারে তাদের সাথে ফোনে যোগাযোগ করা হবে। এগ্রি-ভার্সিটি এক্স-রোটোরাস্ট্রস ফোরাম শিক্ষাবৃত্তি কমিটি চূড়ান্তভাবে বৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন করবে।
- নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা শিক্ষাবৃত্তি কমিটির আহ্বায়ক ড. মোঃ রুহুল আমিন, প্রফেসর, এনিমেল সায়েন্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর অফিস চেম্বারে টানিয়ে দেওয়া হবে।
- বৃত্তির জন্য শিক্ষার্থী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ড. মোঃ রুহুল আমিন

আহ্বায়ক

এগ্রি-ভার্সিটি এক্স-রোটোরাস্ট্রস ফোরাম শিক্ষাবৃত্তি কমিটি ও

প্রফেসর, এনিমেল সায়েন্স বিভাগ,

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।